দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN. 27 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

208

# মানসম্মত শিক্ষার নিশ্চয়তার জন্য প্রশিক্ষণের উপর বিশেষ গুরুত্বারোপ

**স্টাফ রিপোর্টার** ঃ বাংলাদেশ শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের বিএড সমাপনী উপলক্ষে গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসিতে এক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম আমিনুল ইসলাম। মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল মোঃ মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর রাজীব হুমায়ুন ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুল জলিল ভুঁইয়া। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের উপ পরিচালক সৈয়দ রেজাউর রহমানও অনুষ্ঠানে বক্তব্য রাখেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে মানসম্মত শিক্ষার নিশ্চয়তার জন্য প্রশিক্ষণের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। জনাব মোজাম্মেল হক বেসরকারী শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের শিক্ষকদেরকে শতকরা ৮০ ভাগ বেতন সরকারকে প্রদানের জন্য অনুরোধ জানান।